পানাগড়ে ইবির হানা

চিনির দাম গগনচুম্বী, পূর্ব বর্ধমানের একাধিক বাজারে প্রশাসনিক অভিযান

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: চিনি, ভোজ্যতেল-সহ একাধিক নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যবৃদ্ধির অভিযোগের প্রেক্ষিতে মঙ্গলবার দুপুরে পূর্ব বর্ধমানের রায়না এলাকায় বিশেষ অভিযান চালায় প্রশাসন। অভিযানে নেতৃত্ব দেন রায়না থানার ওসি বিপ্লব দেবনাথ, রায়না,১ ব্লকের বিডিও শুভাশিস রায় এবং প্রশাসনের অন্যান্য আধিকারিকরা। শ্যামসুন্দর বাজারের বিভিন্ন মুদিখানা দোকানে গিয়ে চিনি, ভোজ্যতেল-সহ অন্যান্য নিত্যপ্রয়োজনীয় পণ্যের বিক্রিমূল্য খতিয়ে দেখেন আধিকারিকরা।

অন্যদিকে, মঙ্গলবার পূর্ব বর্ধমানের জামালপুর বাজার ও শুঁড়ে কালনা বাজার পরিদর্শন করলেন বিধায়ক অরুন হালদার, সদর দক্ষিণ মহকুমা শাসক বুদ্ধদেব পান, মহকুমা পুলিশ আধিকারিক অভিষেক মণ্ডল, বিডিও পার্থ সারথী দে, জামালপুর থানার ভারপ্রাপ্ত আধিকারিক পঙ্কজ নস্কর, প্রধান চন্দ্র পাল, প্রদীপ বাগ সহ অন্যান্যরা। তাঁরা প্রতিটি দোকানে দোকানে ঘুরে দেখে দোকানদারদের সাথে কথা বলেন। এসডিও বুদ্ধদেব বাবু বলেন, সরকারি নির্দেশে তাঁরা ভিজিট করছেন।

পাশাপাশি, এদিন চিনির কালোবাজারি রুখতে কালনা মহকুমা প্রশাসন বিভিন্ন বাজার এবং গোডাউনগুলিতে হানা দেয়। কত দামে বিক্রি হচ্ছে চিনি তা জানতে কালনার বিভিন্ন দোকান এবং গোডাউন গুলিতে গিয়ে খোঁজ নেন। কোনওভাবেই ৬০ টাকার উপরে চিনি বিক্রি করা যাবে না। কড়া বার্তা মহকুমা শাসকের। পাশাপাশি কালনার অধিকারী পাড়া এলাকায় একটি গোডাউনে গিয়ে অতিরিক্ত দামে চিনি বিক্রির জন্য সেই দোকানদারকে আপাতত চিনি বিক্রি করতে নিষেধ করেন মহকুমা শাসক। পুলিশকেও বিষয়টির উপর নজরদারি করার নির্দেশ দেন তিনি। মহকুমা শাসক দোকানদারদের উদ্দেশ্যে স্পষ্ট বার্তা দেন, ৬০ টাকার উপর চিনি বিক্রি করা যাবে না।

অন্যদিকে, নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের লাগামহীন দরবৃদ্ধি এবং কালোবাজারি রুখতে কড়া পদক্ষেপ নিল এনফোর্সমেন্ট ব্রাঞ্চ (ইবি)। মঙ্গলবার সকালে পানাগড় বাজারে আচমকা হানা দেন ইবি-র আধিকারিকরা। বাজারের চাল ও সবজি ব্যবসায়ীদের সঙ্গে কথা বলে বর্তমান বাজারদর ও জোগানের পরিস্থিতি খতিয়ে দেখেন তাঁরা। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন সকালে এনফোর্সমেন্ট ব্রাঞ্চের একটি প্রতিনিধি দল পানাগড় বাজারের পাইকারি ও খুচরো দোকানে পরিদর্শনে যান। মূল নজর ছিল আলু, পেঁয়াজ, চাল, চিনি এবং নিত্যপ্রয়োজনীয় সবজির দরদামের ওপর। আধিকারিকরা সরাসরি খুচরো বিক্রেতাদের সঙ্গে কথা বলেন এবং প্রতিদিনের দরদামের তালিকা খতিয়ে দেখেন। কোনোভাবেই সাধারণ মানুষকে বিভ্রান্ত করে অতিরিক্ত দাম আদায় করা যাবে না। অসাধু উপায়ে কালোবাজারির কোনো প্রমাণ মিললে কঠোর আইনি ব্যবস্থা নেওয়া হবে বলেও ব্যবসায়ীদের সতর্ক করা হয় ইবি-র তরফে।

পশ্চিম মেদিনীপুরের দাসপুরের বৈকুণ্ঠপুরে নিম্বার্ক মঠে হনুমানজির পুজোয় অংশগ্রহণ করলেন ঘাটাল মহকুমার তিন বিধায়ক।পুজো শেষে ভক্তদের মধ্যে প্রসাদ বিতরণ করেন তাঁরা। পাশাপাশি মঠের গোশালা পরিদর্শন করেন তিন বিধায়ক।

'পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় প্রশিক্ষণ মহা অভিযান ২০২৬'-এর মেদিনীপুর সাংগঠনিক জেলার কার্যকর্তা প্রশিক্ষণ কর্মসূচিতে উপস্থিত ছিলেন রাজ্য বিজেপির গণমাধ্যম ও সামাজিক যোগাযোগমাধ্যম শাখার দায়িত্বপ্রাপ্ত সপ্তর্ষি চৌধুরী।

কর্মসূচিতে উপস্থিত ছিলেন রায়নার বিধায়ক সুভাষ পাত্র, ৫ নম্বর মণ্ডলের সভাপতি বরুণ পণ্ডিত, বিভিন্ন বুথ সভাপতি, প্রাক্তন যুব মোর্চার পদাধিকারী এবং এলাকার বিজেপি নেতা-কর্মীরা। পথসভায় বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক সুভাষ পাত্র বলেন, এক সময় তৃণমূলের অত্যাচারের কারণে চকচন্দন এলাকায় বিজেপির পক্ষে প্রচার চালানো কঠিন ছিল। তাঁর দাবি, সেই পরিস্থিতির পরিবর্তন হয়েছে এবং বর্তমানে এলাকায় বিজেপির সংগঠন আরও শক্তিশালী হয়েছে। এছাড়াও তিনি বিরোধীদের উদ্দেশে কটাক্ষ করে বলেন, কিছু মানুষ এখনও রাজনৈতিক পরিবর্তনের আশা করছেন, তবে সেই প্রত্যাশা বাস্তবসম্মত নয় বলেই তাঁর দাবি।

বিজেপির 'অভিনন্দন যাত্রা'

মুখ্যমন্ত্রীর ১০০ দিনের সাফল্য তুলে ধরলেন বিধায়ক

নিজস্ব প্রতিবেদন, রায়না: মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর মন্ত্রিসভার ১০০ দিনের কাজের সাফল্য এবং অন্নপূর্ণা যোজনাকে সামনে রেখে পূর্ব বর্ধমানের রায়না বিধানসভার ৫ নম্বর মণ্ডলের কাইতি অঞ্চলের চকচন্দন এলাকায় বিজেপির উদ্যোগে 'অভিনন্দন যাত্রা' অনুষ্ঠিত হয়। প্রথমে চকচন্দন গ্রাম

পরিক্রমা করে মিছিলটি চকচন্দন বাজারে পৌঁছায়। পরে সেখানে একটি পথসভার আয়োজন করা হয়।

জনসংযোগে নতুন মাত্রা খানাকুলের বিধায়কের

নিজস্ব প্রতিবেদন, আরামবাগ: খানাকুলে জনসংযোগে নতুন মাত্রা বিজেপি বিধায়ক সুশান্ত ঘোষের। ফেসবুকে ৭০ হাজার ফলোয়ার পার। আরামবাগ মহকুমার খানাকুল বিধানসভা এলাকায় বিজেপি বিধায়ক সুশান্ত ঘোষের জনসংযোগ ও সামাজিক যোগাযোগ মাধ্যমে জনপ্রিয়তা ক্রমশই বাড়ছে বলে দাবি তাঁর দলীয় কর্মী-সমর্থকদের। এবার তাঁর ফেসবুক পেজে ফলোয়ারের সংখ্যা ৭০ হাজারের গণ্ডি পার করল। এই মাইলফলককে ঘিরে বিজেপি কর্মী-সমর্থকদের মধ্যে উচ্ছ্বাস দেখা দিয়েছে। তাঁদের দাবি, শুধু রাজনৈতিক কর্মসূচি নয়, সাধারণ মানুষের সঙ্গে নিয়মিত যোগাযোগ এবং এলাকার মানুষের বিভিন্ন সমস্যার কথা শোনার কারণেই বিধায়কের জনপ্রিয়তা বাড়ছে। ফেসবুকে ৭০ হাজার ফলোয়ার পূর্ণ হওয়ার পর নিজের প্রতিক্রিয়ায় বিধায়ক সুশান্ত ঘোষ বলেন, 'ফেসবুক-এ ৭০ হাজার ফলওয়ারস এই অর্জন শুধু একটি সংখ্যা নয়। এটি আপনাদের ভালোবাসা, বিশ্বাস ও নিরন্তর সমর্থনের প্রতিফলন। খানাকুলের মানুষের পাশে থেকে, আপনাদের কথা শুনে এবং মানুষের সেবায় নিজেকে নিয়োজিত রাখার এই যাত্রায় আপনারাই আমার সবচেয়ে বড় শক্তি।' তিনি আরও বলেন, 'জনপ্রতিনিধি হিসেবে মানুষের সঙ্গে সরাসরি যোগাযোগ রাখা আমার কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। মানুষের সুখ-দুঃখ, সমস্যা ও প্রত্যাশার কথা শুনেই আগামী দিনের কাজের পরিকল্পনা করতে চাই। সামাজিক যোগাযোগ মাধ্যমের মাধ্যমে অনেক মানুষ সরাসরি তাঁদের সমস্যার কথা জানাতে পারেন। সেই যোগাযোগ আরও শক্তিশালী করার চেষ্টা থাকবে।' সুশান্তবাবুর কথায়, '৭০ হাজার মানুষের ভালোবাসাকে সঙ্গে নিয়ে এবার লক্ষ্য আরও বড়, পথচলা আরও দীর্ঘ। এই ভালোবাসা ও বিশ্বাস আমাকে আরও বেশি দায়িত্বশীল করে তুলেছে। আগামী দিনেও খানাকুলের মানুষের পাশে থেকে কাজ করে যেতে চাই।' বিজেপি কর্মীদের একাংশের বক্তব্য, বিধায়ক নিয়মিতভাবে এলাকার বিভিন্ন প্রান্তে গিয়ে মানুষের সঙ্গে কথা বলছেন। বন্যা, রাস্তা, পানীয় জল, সরকারি পরিষেবা থেকে শুরু করে স্থানীয় বিভিন্ন সমস্যার বিষয়ে মানুষের কথা শোনার পাশাপাশি সামাজিক যোগাযোগ মাধ্যমেও তা তুলে ধরছেন। ফলে ডিজিটাল প্ল্যাটফর্মেও তাঁর সঙ্গে সাধারণ মানুষের যোগাযোগ বাড়ছে বলে দাবি তাঁদের।

সরষের তেলের গোডাউনে প্রশাসনিক অভিযান

নিজস্ব প্রতিবেদন, বসিরহাট: দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ ও মজুতদারি সংক্রান্ত বিষয় খতিয়ে দেখতে উত্তর ২৪ পরগনার বসিরহাট মহকুমার মাটিয়া থানার স্বরূপনগর বাজারে লোকনাথ অয়েল মিলের গোডাউনে অভিযান চালাল প্রশাসন। অভিযানের শুরুতেই প্রশাসনিক কর্তারা চিনির গুদাম পরিদর্শন করেন। সেখানে মজুত চিনির পরিমাণ, বৈধ লাইসেন্স রয়েছে কি না এবং সংশ্লিষ্ট বিভিন্ন নথিপত্র খতিয়ে দেখা হয়। এরপর গোডাউনের অফিস-সহ অন্যান্য মজুতঘরও পরিদর্শন করেন আধিকারিকরা। পরে প্রশাসনিক দলের সদস্যরা সরষের তেলের গোডাউনে যান। সেখানে মজুত তেলের পরিমাণ, গুণগতমান, লাইসেন্স এবং অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র সম্পর্কে বিস্তারিত তথ্য নেওয়া হয়। অফিসে বসেও বিভিন্ন নথি পরীক্ষা করেন প্রশাসনিক কর্তারা। দ্রব্যমূল্য নিয়ন্ত্রণের পাশাপাশি বাজারে মজুতদারি বা অনিয়ম রয়েছে কি না, তা খতিয়ে দেখতেই এই অভিযান বলে প্রশাসন সূত্রে জানা গিয়েছে। অভিযানে উপস্থিত ছিলেন বাদুড়িয়ার এসডিপিও, মাটিয়া থানার আইসি-সহ অন্যান্য প্রশাসনিক আধিকারিকরা।

অ্যাম্বুল্যান্স চালক থেকে সোজা ইসরোয়!

অদম্য জেদে মহাকাশ ছোঁয়ার স্বপ্নপূরণ নদিয়ার দেবজিতের

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: অভাবের রাত কেটে আজ মহাকাশে ডানা মেলার ভোর! শত প্রতিকূলতা আর দারিদ্র্যের শিকল ভেঙে দেশের গর্ব মহাকাশ গবেষণা সংস্থা 'ইসরো'-তে ডাক পেলেন নদিয়ার এক অ্যাম্বুলেন্স চালক! নদিয়া জেলার গাংনাপুরের অত্যন্ত সাধারণ পরিবারের সন্তান দেবজিৎ ভদ্র আজ অসাধ্য সাধন করে দেখিয়েছেন। শ্রীহরিকোটার সতীশ ধওয়ন স্পেস সেন্টারে টেকনিশিয়ান 'বি' পদে নিয়োগপত্র হাতে পেয়েছেন তিনি। শক্তিনগর জেলা হাসপাতালে টানা ১২ ঘণ্টার অ্যাম্বুলেন্স চালকের কঠিন ডিউটি সামলে, ডিউটি রুমের ফাঁকা সময়ে বইয়ে মুখ গুঁজে আর রাতে বাড়ি ফিরে পড়াশোনা করে এই ঐতিহাসিক সাফল্য ছিনিয়ে এনেছেন দেবজিৎ। পরপর পাঁচ-ছ'বার প্রতিযোগিতামূলক পরীক্ষায় ব্যর্থ হয়েও যিনি হাল ছাড়েননি, চন্দ্রযান অভিযানের স্বপ্নকে বুকে নিয়ে সেই দেবজিৎ আজ সগৌরবে পাড়ি দিচ্ছেন ইসরোতে! তাঁর এই অভাবনীয় সাফল্যে আজ গর্বে বুক ভরে উঠেছে গোটা নদিয়া জেলার!

আইবিসি, ২০১৬-এর অধীনে বিক্রয় বিজ্ঞপ্তি
অভিজিৎ টোল রোড (কর্ণাটক) লিমিটেড - দেউলিয়াগ্রস্ত
CIN : U45400WB2011PLC162615
রেজি. অফিস : এফই-৮৩, সেক্টর-৩ সল্টলেক সিটি, ১ম তল, কলকাতা - ৭০০ ১০৬

মেসার্স অভিজিৎ টোল রোড (কর্ণাটক) লিমিটেড (ইন লিকুইডেশন)-এর সম্পদ বিক্রয়, যা ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি কোড, ২০১৬-এর সেকশন ৩৫(১)(এফ) এবং তার সাথে পঠিত আইবিবিআই (লিকুইডেশন প্রসেস) রেগুলেশন্স, ২০১৬-এর রেগুলেশন ৩২ এবং ৩৩-এর অধীনে লিকুইডেশন এস্টেটের অংশ। ১৩ আগস্ট, ২০২৪ তারিখে মাননীয় ন্যাশনাল কোম্পানি ল ট্রাইব্যুনাল, কলকাতা বেঞ্চ কর্তৃক নিযুক্ত লিকুইডেটর দ্বারা এই বিক্রয় পরিচালিত হবে। জমির বিক্রয় নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-অকশন প্ল্যাটফর্ম https://ibbi.baanknet.com এর মাধ্যমে করা হবে।

বিবরণ	ই-নিলামের তারিখ ও সময়	সংরক্ষিত মূল্য (আইএনআর)	ইএমডি পরিমাণ	বিড বৃদ্ধির পরিমাণ
১৮৭ বর্গমিটার পরিমাপের ফ্রিহোল্ড অকৃষি জমি, যা মহারাষ্ট্রের রায়গড় জেলার, সাব-ডিস্ট্রিক্ট- পালি, সুধাগড় তালুকার মৌজে জাপ -এ অবস্থিত প্রাইভেট প্লট নং ৪৬, সার্ভে নং ৩৩২এ+ ৩৩৪এ+ ৩৩৮এ-এর অংশ।	২০.০৯.২০২৬ সময় দুপুর ২টা থেকে বিকাল ৫টা	১,৬২,০০০ টাকা (এক লক্ষ বাষট্টি হাজার টাকা)	১৬,২০০ টাকা (ষোলো হাজার দুশো টাকা)	৫,০০০ টাকা (পাঁচ হাজার টাকা)

পরিদর্শন, বিড ডকুমেন্টস এবং ইএমডি জমার শেষ তারিখ : ১৭/০৯/২০২৬
প্রস্তাবিত নিলামের নিয়ম ও শর্তাবলী নিচে দেওয়া হলো :
১. ই-অকশন অনুমোদিত পরিষেবা প্রদানকারী/BAANKNET প্ল্যাটফর্ম https://baanknet.com-এর মাধ্যমে "যেখানে যেমন আছে", "যেমন আছে যা আছে", "যাই থাক না কেন" এবং "বিনা দায়ে" ভিত্তিতে পরিচালিত হবে, কারণ এই ধরনের বিক্রয়ে কোনো প্রকার ওয়ারেন্টি এবং ক্ষতিপূরণ থাকে না।
২. ইচ্ছুক বিডারদের ব্যাঙ্কনেট নিলাম প্ল্যাটফর্মে (https://baanknet.com) নিবন্ধন করতে হবে এবং বায়না অর্থ জমা শুধুমাত্র ব্যাঙ্কনেট নিলাম প্ল্যাটফর্মের মাধ্যমে জমা দিতে হবে।
৩. সম্পূর্ণ ই-অকশন প্রক্রিয়ার বিস্তারিত নিয়ম ও শর্তাবলী সহ বিড ফর্ম https://ibbi.baanknet.com/eauction-ibbi ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে এবং লিকুইডেটর সুনীল চোরাড়িয়ার অফিসেও উপলব্ধ, মোবাইল ৯৮৩১২ ৭৮৩২৬, ই-মেইল chorariamba@rediffmail.com। বিডারদের প্ল্যাটফর্মের মাধ্যমে নির্ধারিত ফর্ম্যাটে প্রয়োজনীয় নথিপত্র জমা দিতে হবে।
৪. ইচ্ছুক বিডারকে কোডের সেকশন ২৯এ-এর অধীনে একটি আন্ডারটেকিং জমা দিতে হবে। ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি কোড, ২০১৬-এর সেকশন ২৯এ-এর প্রয়োজনীয়তা অনুযায়ী কোনো পর্যায়ে বিডার যদি অযোগ্য বলে প্রমাণিত হন, তবে বায়না অর্থ জমা বাজেয়াপ্ত করা হবে।
৫. কোনো কারণ দর্শানো ছাড়াই যেকোনো পর্যায়ে কোনো বা সমস্ত বিড গ্রহণ বা প্রত্যাখ্যান করার, অথবা ই-অকশন স্থগিত/মুলতবি/বাতিল করার, অথবা ই-অকশন থেকে কোনো সম্পত্তি বা তার অংশ প্রত্যাহার করার নিরঙ্কুশ অধিকার লিকুইডেটরের রয়েছে।
৬. কমিটি অফ ক্রেডিটরস -এর অনুমোদনের পর সফল বিডার ঘোষণা করা হবে।
৭. এই বিক্রয় ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি কোড, ২০১৬ এবং তার সাথে পঠিত আইবিবিআই (লিকুইডেশন প্রসেস) রেগুলেশন্স, ২০১৬ এবং এর অধীনে প্রণীত অন্য কোনো প্রযোজ্য নিয়ম, প্রবিধান বা সংশোধনীর বিধান সাপেক্ষে হবে।

সুনীল চোরাড়িয়া
লিকুইডেটর
মেসার্স অভিজিৎ টোল রোড (কর্ণাটক) লিমিটেড-দেউলিয়াগ্রস্ত
আইবিবিআই রেজিস্ট্রেশন নং : IBBI/IPA-002/IP-N01209/2022-2023/14078
এএফএ নং : AA2/14078/02/300627/204366 ৩০জুন,২৭ পর্যন্ত বৈধ
তারিখ : ২৬/০৮/২০২৬ মোবাইল : ৯৮৩১২৭৮৩২৬
স্থান : কলকাতা ইমেল : chorariamba@rediffmail.com / cirp.abhijeettoll@outlook.com

হিন্দুস্তান মোটরস লিমিটেড
রেজিস্টার্ড অফিস : "বিড়লা বিল্ডিং", ৯/১, আর.এন. মুখার্জী রোড, কলকাতা-৭০০ ০০১
CIN : L34103WB1942PLC018967
টেলিফোন : +৯১ ৩৩ ২২৪২০৯৩২
ইমেল : hmcosecy@hindmotor.com ওয়েবসাইট : www.hindmotor.com

হিন্দুস্তান মোটরস লিমিটেড-এর
৮৪তম বার্ষিক সাধারণ সভা সংক্রান্ত তথ্য

এতদ্বারা জানানো যাচ্ছে যে, মেসার্স হিন্দুস্তান মোটরস লিমিটেড ("কোম্পানি")-এর ৮৪তম বার্ষিক সাধারণ সভা ("এজিএম") কোম্পানি আইন, ২০১৩ এবং এর অধীনে প্রণীত বিধিমালা এবং ৫ মে, ২০২০ তারিখের সাধারণ সার্কুলার নং ২০/২০২০, ১৩ জানুয়ারি, ২০২১ তারিখের ০২/২০২১, ৮ ডিসেম্বর, ২০২১ তারিখের ১৯/২০২১, ১৪ ডিসেম্বর, ২০২১ তারিখের ২১/২০২১ এবং ০৫ মে, ২০২২ তারিখের ০২/২০২২ ("এমসিএ সার্কুলার") এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া কর্তৃক জারি করা ১২ মে, ২০২০, ১৫ জানুয়ারি, ২০২১ তারিখের সার্কুলার ("সেবি সার্কুলারসমূহ")-এর সাথে পঠিত লিস্টিং রেগুলেশনস-এর প্রযোজ্য সমস্ত বিধানসমূহ মেনে এজিএম আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত বিষয়াদি সম্পাদনের জন্য বুধবার, ২৩ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে দুপুর ২.০০ টায় (আইএসটি) ভিডিও কনফারেন্সিং/অন্যান্য অডিও ভিজ্যুয়াল মাধ্যম ("ভিসি/ওএভিএম")-এর মাধ্যমে অনুষ্ঠিত হবে।
উক্ত এজিএম সম্পর্কিত এমসিএ এবং সেবি সার্কুলার অনুসারে প্রয়োজনীয় তথ্য নিচে দেওয়া হলো-
ক) এমসিএ সার্কুলারগুলির সাথে পঠিত আইনের প্রযোজ্য বিধানসমূহ মেনে কোম্পানির ৮৪তম এজিএম ভিসি/ওএভিএম-এর মাধ্যমে অনুষ্ঠিত হবে।
খ) ভিসি বা ওএভিএম-এর মাধ্যমে এজিএম-এর তারিখ ও সময় হল বুধবার, ২৩ সেপ্টেম্বর, ২০২৬ দুপুর ২.০০ টা।
গ) সভা আহ্বানের এজিএম-এর বিজ্ঞপ্তি স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট যেখানে কোম্পানির ইক্যুইটি শেয়ার তালিকাভুক্ত রয়েছে অর্থাৎ বিএসই (www.bseindia.com)-তে এবং কোম্পানির ওয়েবসাইট (www.hindmotor.com)-এ উপলব্ধ থাকবে। যে সমস্ত সদস্যরা তাদের ই-মেইল ঠিকানা নিবন্ধন করেননি, তারা কোম্পানি/ডিপোজিটরি পার্টিসিপেন্ট(দের) রেকর্ড অনুযায়ী তাদের নিবন্ধিত ঠিকানায় বার্ষিক প্রতিবেদন অ্যাক্সেস করার জন্য সঠিক ওয়েবলিঙ্ক সহ একটি চিঠি পাবেন। অনুরোধের ভিত্তিতে কোম্পানি ২০২৫-২৬ আর্থিক বছরের বার্ষিক প্রতিবেদনের একটি হার্ড কপি প্রদান করবে।
ঘ) **ই-মেইল ঠিকানা নিবন্ধনের পদ্ধতি :**
ফিজিক্যাল ফর্মে শেয়ারহোল্ডারদের জন্য - অনুগ্রহ করে https://ris.kfintech.com/form15/forms.aspx?q=0 লিঙ্কে গিয়ে প্রয়োজনীয় বিবরণ যেমন ফোলিও নং, শেয়ারহোল্ডারের নাম, শেয়ার সার্টিফিকেটের স্ক্যান করা কপি (সামনে এবং পিছনে), প্যান (প্যান কার্ডের স্ব-প্রত্যয়িত স্ক্যান করা কপি)/আধার (আধার কার্ডের স্ব-প্রত্যয়িত স্ক্যান করা কপি) প্রদান করে কেফিন টেকনোলজিস লিমিটেড (আরটিএ)-এর ওয়েবসাইটে অনলাইনে ই-মেইল ঠিকানা নিবন্ধন করুন। কোনো জিজ্ঞাসার ক্ষেত্রে, অনুগ্রহ করে কেফিন টেকনোলজিস লিমিটেড (আরটিএ)-এর টোল ফ্রি নং ১৮০০-৩০৯-৪০০১-এ অথবা কোম্পানিকে hmcosecy@hindmotor.com-এ ইমেইলের মাধ্যমে যোগাযোগ করুন।
ডিম্যাট শেয়ারহোল্ডারদের জন্য - অনুগ্রহ করে নিজ নিজ ডিপোজিটরির কাছে তা আপডেট করুন এবং ডিম্যাট অ্যাকাউন্টের বিবরণ (সিডিএসএল-১৬ ডিজিটের বেনিফিসিয়ারি আইডি বা এনএসডিএল-১৬ ডিজিটের ডিপিআইডি + সিডিআইএল), নাম, ক্লায়েন্ট মাস্টার বা কনসোলিডেটেড অ্যাকাউন্ট স্টেটমেন্টের কপি, প্যান (প্যান কার্ডের স্ব-প্রত্যয়িত স্ক্যান করা কপি), আধার (আধার কার্ডের স্ব-প্রত্যয়িত কপি) কোম্পানি/আরটিএ ইমেইল আইডিতে প্রদান করুন।
ঙ) সদস্যদের ভবিষ্যতে লভ্যাংশ ঘোষণা করা হলে তা পাওয়ার উদ্দেশ্যে তাদের সম্পূর্ণ ব্যাঙ্ক বিবরণ নিবন্ধন/আপডেট করার জন্য অনুরোধ করা হচ্ছে :
তাদের ডিপোজিটরি পার্টিসিপেন্ট(দের) কাছে, যদি শেয়ারগুলি বৈদ্যুতিন মোডে রাখা থাকে এবং কোম্পানির রেজিস্ট্রারের কাছে (ক) স্বাক্ষরিত অনুরোধ পত্রের স্ক্যান করা কপি যাতে সদস্যের নাম, ফোলিও নম্বর, ব্যাঙ্কের বিবরণ (ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর, ব্যাঙ্ক এবং শাখার নাম ও ঠিকানা, আইএফএসসি, এমআইসিআর বিশদ) থাকবে, (খ) প্যান কার্ডের স্ব-প্রত্যয়িত অনুলিপি এবং (গ) আরটিএ-এর ওয়েবসাইট https://ris.kfintech.com/clientservices/isc/ InvestorGrievance.aspx?q=0- mandate)-এ বাতিল চেক লিফ জমা দিয়ে, যদি শেয়ারগুলি ফিজিক্যাল মোডে রাখা থাকে।
রিমোট ভোটিং ("রিমোট ই-ভোটিং") এর পদ্ধতিও এজিএম-এর বিজ্ঞপ্তিতে প্রদান করা হয়েছে। সদস্যদের এজিএম-এর বিজ্ঞপ্তিতে দেওয়া সমস্ত নোট এবং বিশেষ করে, এজিএম-এ যোগদানের নির্দেশাবলী, এজিএম চলাকালীন রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে ভোট দেওয়ার পদ্ধতি মনোযোগ সহকারে পড়ার জন্য অনুরোধ করা হচ্ছে।

হিন্দুস্তান মোটরস লিমিটেড-এর পক্ষে
মুনিরা আঞ্জুম
কোম্পানি সেক্রেটারি ও কমপ্লায়েন্স অফিসার
মেম্বারশিপ নং. এ৭৫৫৭৭
স্থান : কলকাতা
তারিখ : ২৬ আগস্ট, ২০২৬

যজুর ফাইবারস লিমিটেড
রেজিস্টার্ড অফিস : ৫ মিডলটন স্ট্রিট, কলকাতা - ৭০০ ০৭১
CIN : L17100WB1980PLC032918
ফোন : ০৩৩২৬৬১১০২৭; **ইমেল :** cs@yajurfibres.com; **ওয়েবসাইট :** www.yajurfibres.com

কোম্পানি আইন, ২০১৩-এর বিধানসমূহ এর সাথে পঠিত কর্পোরেট বিষয়ক মন্ত্রণালয় ("এমসিএ সার্কুলারসমূহ") এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া ("সেবি সার্কুলারসমূহ") কর্তৃক জারি করা বিভিন্ন সার্কুলার অনুসারে, কোম্পানির ৪৪তম এজিএম আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত বিষয়াদি সম্পাদনের জন্য যজুর ফাইবারস লিমিটেড ("কোম্পানি")-এর ৪৪তম বার্ষিক সাধারণ সভা ("এজিএম") আগামী শুক্রবার, ১৮ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে (আইএসটি) ভিডিও কনফারেন্স ("ভিসি")/অন্যান্য অডিও-ভিজ্যুয়াল মাধ্যম ("ওএভিএম")-এর মাধ্যমে অনুষ্ঠিত হবে।
উপরোক্ত সার্কুলারগুলি অনুসারে, বার্ষিক প্রতিবেদনের ভৌত অনুলিপি পাঠানোর প্রয়োজনীয়তা মকুব করা হয়েছে। ২০২৫-২৬ সালের বার্ষিক প্রতিবেদনের ভৌত অনুলিপিগুলি কেবলমাত্র সেই শেয়ারহোল্ডারদেরই পাঠানো হবে যারা বিশেষভাবে এর জন্য অনুরোধ করবেন, তবে, আমরা শেয়ারহোল্ডারদের ই-মেইলের মাধ্যমে কোম্পানির যোগাযোগ গ্রহণ করতে বেছে নেওয়ার মাধ্যমে পরিবেশ সুরক্ষার প্রতি আমাদের প্রতিশ্রুতিকে সমর্থন করার জন্য অনুরোধ করছি।
৪৪তম এজিএম আহ্বানের বিজ্ঞপ্তির বৈদ্যুতিন অনুলিপি, যার মধ্যে অন্যান্য বিষয়ের সাথে ই-ভোটিংয়ের পদ্ধতি এবং নির্দেশাবলী এবং ২০২৫-২০২৬ আর্থিক বছরের বার্ষিক প্রতিবেদন রয়েছে, তা যথাসময়ে সেই সমস্ত সদস্যদের পাঠানো হবে যাদের ই-মেইল আইডি কোম্পানি/কোম্পানির রেজিস্ট্রার অ্যান্ড ট্রান্সফার এজেন্ট ("আরটিএ")/ডিপোজিটরি পার্টিসিপেন্ট(দের) কাছে নিবন্ধিত আছে।
যে সমস্ত শেয়ারহোল্ডারদের ই-মেইল ঠিকানা কোম্পানি/আরটিএ/ডিপোজিটরি পার্টিসিপেন্ট(দের) কাছে নিবন্ধিত নেই, তাদের নিবন্ধিত ঠিকানায় ২০২৫-২৬ আর্থিক বছরের বার্ষিক প্রতিবেদনের ওয়েবলিঙ্ক সম্বলিত একটি চিঠি পাঠানো হবে।
৪৪তম এজিএম আহ্বানের বিজ্ঞপ্তি এবং ২০২৫-২০২৬ আর্থিক বছরের বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট www.yajurfibres.com, স্টক এক্সচেঞ্জ অর্থাৎ বিএসই লিমিটেডের www.bseindia.com এবং এনএসডিএল (রিমোট ই-ভোটিং সুবিধা প্রদানের সংস্থা)-এর ওয়েবসাইট অর্থাৎ www.evoting.nsdl.com-এও যথাসময়ে উপলব্ধ হবে।
ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (এনএসডিএল) দ্বারা প্রদত্ত ই-ভোটিং পরিষেবার মাধ্যমে কোম্পানির ৪৪তম এজিএম-এর বিজ্ঞপ্তিতে উল্লিখিত সমস্ত রেজোলিউশনের ওপর বৈদ্যুতিনভাবে তাদের ভোট দেওয়ার সুবিধা সদস্যদের প্রদান করা হয়েছে। ই-ভোটিং মঙ্গলবার, ১৫ সেপ্টেম্বর, ২০২৬ সকাল ৯.০০ টায় শুরু হবে এবং বৃহস্পতিবার, ১৭ সেপ্টেম্বর, ২০২৬ বিকেল ৫.০০ টা পর্যন্ত চলবে। এই সময়কালে, কাট-অফ/এনটাইটেলমেন্ট তারিখ শুক্রবার, ১১ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে ফিজিক্যাল ফর্মে বা ডিম্যাটেরিয়ালাইজড ফর্মে শেয়ার ধারণকারী কোম্পানির শেয়ারহোল্ডাররা বৈদ্যুতিনভাবে তাদের ভোট দিতে পারেন। যে সমস্ত সদস্য বৈদ্যুতিনভাবে তাদের ভোট দেননি এবং অন্যথায় তা করতে বাধা পাননি, তারা এজিএম চলাকালীন ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। কোম্পানি এজিএম চলাকালীন ই-ভোটিংয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
যে সদস্যরা তাদের ই-মেইল ঠিকানা নিবন্ধন করেননি, তাদের অনুরোধ করা হচ্ছে যত তাড়াতাড়ি সম্ভব তা নিবন্ধন করতে :
ক) ডিম্যাট ফর্মে শেয়ার ধারণ করার ক্ষেত্রে তাদের ডিপোজিটরি পার্টিসিপেন্টদের (ডিপি) কাছে;
খ) ফিজিক্যাল ফর্মে শেয়ার ধারণ করার ক্ষেত্রে :
(১) কোম্পানির রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট অর্থাৎ এমএএস সার্ভিসেস লিমিটেড-কে, টি-৩৪ ২য় ফ্লোর, ওখলা ইন্ডাস্ট্রিয়াল এরিয়া ফেজ ২, নিউ দিল্লি-১১০০২০ ঠিকানায় ফোলিও নম্বরের বিবরণ এবং প্যান কার্ডের স্ব-প্রত্যয়িত কপি সহ লিখ